



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১

স্মারক নং: ঢাবো/পনি/৭৪৬

তারিখ: ০৫/০৫/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: এসএসসি পরীক্ষা-২০২৬ এর উত্তরপত্র মূল্যায়নের জন্য নিয়োগপ্রাপ্ত পরীক্ষকদের নির্ধারিত সময়ে উত্তরপত্র গ্রহণ সংক্রান্ত।


এসএসসি পরীক্ষা ২০২৬-এর উত্তরপত্র মূল্যায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য eTIF ভুক্ত শিক্ষকদের পরীক্ষক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। লক্ষ্য করা যাচ্ছে যে, নিয়োগপ্রাপ্ত অনেক পরীক্ষক নির্ধারিত তারিখে বোর্ড থেকে উত্তরপত্র গ্রহণ করতে উপস্থিত হচ্ছেন না। এর ফলে উত্তরপত্র মূল্যায়ন কার্যক্রমে বিলম্ব ও জটিলতার সৃষ্টি হবে, যা পরীক্ষার সামগ্রিক ফলাফল প্রকাশে বিরূপ প্রভাব ফেলতে পারে।

এমতাবস্থায়, সকল নিয়োগপ্রাপ্ত পরীক্ষকদের নির্দেশনা প্রদান করা যাচ্ছে, তারা অবশ্যই বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হয়ে উত্তরপত্র গ্রহণ করবেন এবং নির্ধারিত সময়সীমার মধ্যে মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করবেন।

নির্ধারিত সময়ে উত্তরপত্র গ্রহণে ব্যর্থ হলে তা দায়িত্বে অবহেলা হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্ট পরীক্ষকের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান পরীক্ষকদের উত্তরপত্র গ্রহণের বিষয়টি নিশ্চিত করবেন।

উপর্যুক্ত নির্দেশনা কঠোরভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।


০৫/০৫/২০২৬

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪. জেলা শিক্ষা কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি।